গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং:০৫.৫০.৬৯০৯.০০০.০৯.০১৪.১৬- ২৭৭ তারিখ: ৩০.০৩.২০১৭ খ্রিঃ

বিষয়: বাগাতিপাড়া উপজেলার ইনোভেশন টিমের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন দাখিল।

সূত্র : জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের স্মারক নং:০৫.৪৩.৬৯০০.০২৩.১৬.০০৫.১৬.৩৮, তারিখ: ২৯.০১.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলার ইনোভেশন টিমের ২০১৭ খ্রিঃ সালের বার্ষিক কর্মপরিকল্পনা এবং ২০১৬ খ্রিঃ সালের বাৎসরিক প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ১০ পাতা।

জেলা প্রশাসক
নাটোর


(মোঃ আহসান হাবিব জিতু)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
বাগাতিপাড়া, নাটোর
ফোন নং:০৭৭২২-৭২০০১
ই-মেইল:unobagatipara@mopa.gov.bd



২০১৭ খ্রিঃ সালের ইনোভেশন কর্মপরিকল্পনা


| ক্র.নং | কর্মসূচি | মন্তব্য |
|---|---|---|
| ১. | বাগাতিপাড়া উপজেলা নারী উন্নয়ন ফোরামকে শক্তি করণ | |
| ২. | উপজেলা পরিষদে কেন্দ্রীয় একটি হেলপ ডেক্স স্থাপন। | |
| ৩. | তৃণমূল পর্যায়ে গণশুণানীর মাধ্যমে জনগণের মতামতের ভিত্তিতে তাদের চাহিদা অনুসারে উন্নয়ন প্রকল্প গ্রহণ। | |
| ৪. | জংগীবাদ নিরসনে উপজেলার হাট-বাজার সমূহে সভা সমাবেশের মাধ্যমে জনগণকে জংগীবাদের কুফল সম্পর্কে অবহিত করে জংগীবাদ প্রতিরোধে সচেতন করা। | |
| ৫. | মসজিদে উসকানিমূলক বক্তব্য পরিহার করে জংগীবাদ প্রতিরোধ সম্পর্কিত খুৎবা পাঠ ও আলোচনা করে মানুষকে সচেতন করার নিমিত্ত উপজেলার ইমাম সাহেবদের প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ। | |
| ৬. | সেবা প্রার্থীদের সেবা সম্পর্কে মোবাইল ফোনের মাধ্যমে অবহিত করন। | |
| ৭. | উপজেলায় ঐতিহ্যবাহী শাঁখা ও তাঁত শিল্পকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং কুঠির শিল্প এর সাথে জড়িতদের উৎসাহিত করার জন্য প্রণদোনা প্রদান। | |
| ৮. | উপজেলায় সুনাম অর্জনকারী আম, শাক সবজি কৃষি পণ্য উৎপাদনকারী কৃষকদের ভেজাল মুক্ত কৃষি পণ্য উৎপাদন করার নিমিত্ত সেমিনার আয়োজন করে ভেজাল মুক্ত আম, শাক সবজি উৎপাদন করতে সচেতন করা। | |
| ৯. | সর্বগ্রাসি মাদকের ছোবল থেকে যুবক সম্প্রদায়কে রক্ষার করার জন্য যুবকদের নিয়ে সেমিনার আয়োজন এবং আত্নকর্মসংস্থানের নিমিত্তে লার্নিং এন্ড আর্নিং এবং অন্যান্য প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ। | |
| ১০. | MDG বাস্তবায়নের উদ্ভাবনী প্রয়াস গ্রহণ করে সহযোগিতা করণ। | |
| ১১. | উপজেলায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষা ক্ষেত্রে পাশের হার ১০০% নিশ্চিত করণ। | |
| ১২. | সবার জন্য বাসস্থান প্রকল্পকে বাস্তবায়নে উদ্ভাবনী প্রয়াসের মাধ্যমে সহযোগিতা প্রদান। | |
| ১৩. | উপজেলা পরিষদ চত্বরকে ধুমপান মুক্ত ঘোষণা। | |
| ১৪. | অপ্রয়োজনীয় বিদ্যুৎ ব্যবহারে জনসাধারণকে সচেতন করে তা নিশ্চিত করা। | |
| ১৫. | সরকারী দপ্তর সমূহে স্বল্প কক্ষে অধিক জায়গা ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করে তা নিশ্চিত করা। | |
| ১৬. | সরকারী বরাদ্দ ব্যতীত স্থানীয় সহযোগিতায় সেবা মূলক কার্যক্রম বাস্তবায়ন করা। | |
| ১৭. | উপজেলা পরিষদ চত্বরে অতিথি পাখিদের সুপেয় পানি পানের নিমিত্ত গাছে গাছে মাটির পাতিল স্থাপন করা। | |
| ১৮. | স্থাপিত "ইউএনও" পার্ককে আকর্ষনীয় করার নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | |

(মোঃ আহসান হাবিব জিতু)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
বাগাতিপাড়া, নাটোর
ফোন নং:০৭৭২২-৭২০০১

উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর কর্তৃক
২০১৬ খ্রিঃ সালে সম্পাদিত ইনোভেশন কার্যক্রম



| | |
|---|---|
| ০১। বাগাতিপাড়া উপজেলা পরিষদের সৌন্দর্য বর্ধনের জন্য উপজেলা সমাজ সেবা অফিসের সামনে, উপজেলা প্রশাসনিক ভবনের সামনে,উপজেলা ভূমি অফিসের সামনে এবং পুরাতন আদালত ভবনের সামনে দৃষ্টি নন্দন ফুলের বাগান নির্মাণ এবং লাইট স্থাপন। |  |
| ০২। উপজেলা পরিষদের ময়লা আবর্জনা নিদিষ্ট স্থানে ফেলার জন্য ডাস্টবিন স্থাপন ও গার্বেজ ভ্যান তৈরি। |  |
| ০৩। উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে অপরিচিত ব্যক্তি, জংগী গোষ্ঠি কর্তৃক হামলা প্রতিহত এবং নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্তে ০৭ টি সিসি ক্যামেরা স্থাপন। |  |
| ০৪। উপজেলা পরিষদ চত্বরে পল্লী উন্নয়ন ভবনের পিছনে ০১টি দৃষ্টি নন্দন মাল্টা বাগান স্থাপন। |  |
| ০৫। উপজেলা নির্বাহী অফিসে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন-এর লক্ষ্যে সরকারি বরাদ্দ ব্যতীত স্থানীয় উদ্যোগে প্রশাসনিক ভবনের পূর্বাংশে দ্বিতীয় তলায় "সেবা" নামক ০১টি কক্ষ নির্মাণ। |  |
| ০৬। স্বল্প কক্ষে কার্যকর ব্যবহারের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসের ০২টি কক্ষের দেওয়ালে উপরের অংশে সরকারি বরাদ্দ ব্যতীত স্থানীয় উদ্যোগে দৃষ্টিনন্দন ফাইল বক্স স্থাপন। |  |


| | |
|---|---|
| ০৭। উপজেলা ভূমি অফিসে আগত সেবা গ্রহিতারা সেবা নিতে এসে যত্রতত্র ভাবে ঘোরাফেরা করতে হয় তাদের কষ্টের কথা বিবেচনা করে সেবা গ্রহিতাদের আরামে বসার জন্য "ঠিকানা" নামক ০১টি অপেক্ষাগার নির্মাণ। |  |
| ০৮। ভূমি ব্যবস্থাপনাকে ডিজিটালাইজড ও আধুনিক করার নিমিত্তে বাগাতিপাড়া উপজেলার সকল ইউনিয়ন ভূমি অফিসে ০১টি কম্পিউটার, ০১টি স্ক্যানার, প্রিন্টার, মডেম, ইউপিএস ও কম্পিউটার টেবিল সরবরাহ। |  |
| ০৯। বাগাতিপাড়া উপজেলার সকল ভ্যান চালকদের ০১টি ডাটা তৈরি করা হয়েছে। | |
| ১০। বাগাতিপাড়া উপজেলার সকল হোটেল, রেস্তোরা, স্বর্ণ দোকান, এসিড ব্যবহারকারী, মুদি দোকান, ডিজেল, পেট্রোল, বিক্রেতাদের ডাটা তৈরি করা হয়েছে। | |
| ১১। ২০১৬ সালে বাগাতিপাড়া উপজেলার সকল আম উৎপাদনকারী, বিক্রয়কারী, আড়তদারগণের সাথে মত বিনিময় করে কোন প্রকার রাসায়নিক দ্রব্য ব্যবহার ব্যতীত পোক্ত আম ক্রয় বিক্রয় নিশ্চিত করানো হয়েছে। |  |
| ১২। সেবা প্রার্থিদের সহজে অফিস চেনার স্বার্থে উপজেলা প্রশাসনিক ভবনের নীচতলায় অফিস পরিচিতি এবং উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন স্থানে অফিস সমূহে নির্দেশক সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। |  |
| ১৩। জনগণের সেবা নিশ্চিত ও অভিযোগ জানানোর জন্য উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজারে, চৌরাস্তায় উপজেলা দপ্তর সমূহের কর্মকর্তাদের টেলিফোন/মোবাইল নম্বর সম্বলিত ০৯ টি সাইনবোর্ড স্থাপন। |  |
| ১৫। বাগাতিপাড়া উপজেলাবাসীর রাত্রীবেলায় নিরাপদ ও নিবিঘ্নে চলাফেরার জন্য উপজেলার বিভিন্ন রাস্তায় ৪০টি সোলার বাতি স্থাপন। |  |

| | |
|---|---|
| ১৬। বাগাতিপাড়া উপজেলায় অবসরে সময়ে কাটানোর জন্য কোন সুষ্ঠ বিনোদনের স্থান নেই। ফলে স্কুলের ছাত্র ছাত্রীরা অবসর সময়ে অপসংস্কৃতিতে আকৃষ্ট হয়। বাগাতিপাড়া উপজেলা বাসীর অবসরে সুষ্ঠ বিনোদন, ছাত্র ছাত্রীদের অবসরে সুষ্ঠভাবে সময় কাটানো এবং বনভোজনের/শিক্ষা সফরের উদ্দেশ্যে লক্ষণহাটি মৌজার বড়াল নদীর ধারে সরকারি খাস জায়গায় মনোরম পরিবেশে "ইউ.এন.ও পার্ক" স্থাপন করা হয়েছে। |  |
| ১৭। বাগাতিপাড়া উপজেলার কুটির শিল্প বিকাশের লক্ষ্যে ২০১৫-১৬ অর্থ বছরের তাঁতীদের মাঝে সুতা বিতরণ এবং বাগাতিপাড়া উপজেলার পুরাতন ঐতিহ্যবাহী শাঁখা শিল্পকে উৎসাহিত করার লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে তাদের মাঝে গাইন্ডিং মেশিন সরবরাহ। |  |
| ১৮। বাগাতিপাড়া উপজেলার নারীদের উন্নয়নে নারী উন্নয়ন ফোরাম গঠন, ফোরাম নিবন্ধন, অফিস স্থাপন, ফোরামে নারী আত্মকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন প্রদান এবং ট্রেনিং সেন্টার স্থাপন। |  |
| ১৯। বাগাতিপাড়া উপজেলার প্রতিবন্ধী, বাক শ্রবণ প্রতিবন্ধী এবং অটিষ্টিক ছেলেমেয়েদের উন্নয়নের লক্ষ্যে প্রতিবন্ধি স্কুল স্থাপন এবং ছাত্র ছাত্রীদের স্কুলে আনা নেওয়ার জন্য ভ্যান সরবরাহ। | |
| ২০। শিশুদের সুষ্ঠ শিক্ষাদানের নিমিত্তে উপজেলা পরিষদ চত্বরে বাগাতিপাড়া কালেক্টরেট প্রিপারেটরি স্কুল স্থাপন। স্থাপনের পর প্রাথমিক সমাপনীতে শতভাগ পাশসহ ৬০% A+ এর কৃতিত্ব অর্জন। |  |
| ২১। উপজেলায় নতুন আগতদের সহজে উপজেলা পরিষদের অবস্থান জানানোর এবং চিনে আসার জন্য নাটোর রাজশাহী মহাসড়কসহ বনপাড়া,ওয়ালিয়া,দয়ারামপুর, নাটোর পি.টি.আই, তেবাড়ীয়া, জংলী, আড়ানী, পকেটখালী নামক স্থানে ১৭টি পরিচিতিমূলক দূরত্ব উল্লেখ করে সাইনবোর্ড স্থাপন। | |
| ২২। সড়ক পথে উপজেলার বিভিন্ন শেষ প্রান্ত সীমায় স্বাগতম ও ধন্যবাদ সম্বলিত সীমানা ফলক স্থাপন। | |

উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর।

উপজেলা ভূমি অফিস, বাগাতিপাড়া, নাটোর এর ২০১৬ সালের ইনোভেটিভ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন

| ক্রমিক নং | ইনোভেটিভ কার্যক্রম | সংশ্লিষ্ট ছবি |
|---|---|---|
| ০১ | অনলাইন এসএমএস সেবা চালুকরণঃ নামজারী বা মিসকেস মামলার শুনানীর তারিখ ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য অনলাইন এসএমএস এর মাধ্যমে সেবাপ্রার্থীদের নিয়োমিত জানিয়ে দেয়া হচ্ছে। |  |
| ০২ | অডিও সেবা চালুকরণঃ ভূমি সেবা সংক্রান্ত যাবতীয় তথ্য অডিও বার্তার মাধ্যমকে উপজেলা ভূমি অফিসে আগত সেবাপ্রার্থীদের জ্ঞাতার্থে প্রতি দিন প্রচার করা হচ্ছে। |  |
| ০৩ | হেল্প ডেস্ক চালুকরণঃ ভূমি অফিসে আগত সেবাপ্রার্থীদের জন্য একটি হেল্প ডেস্ক খোলা হয়েছে। সেবাপ্রার্থীরা এখানে বিভিন্ন আবেদন করতে পারেন ও ভূমি সংক্রান্ত বিভিন্ন সেবা পেতে পারেন। |  |
| ০৪ | মোবাইল চার্জার পয়েন্ট স্থাপনঃ অফিসে আগত জনগণের সুবিধার্থে একটি মোবাইল চার্জার পয়েন্ট স্থাপন করা হয়েছে যেখানে সবাই খুব সহজে মোবাইলে চার্জ দিতে পারে। |  |
| ০৫ | ঠিকানা নামক বসার ঘর স্থাপনঃ আগত সেবাপ্রার্থীদের বসার জন্য ঠিকানা নামক একটি বসার ঘর স্থাপন করা হয়েছে যেখানে সেবাপ্রার্থীরা অপেক্ষা করতে পারে। |  |

| | | |
|---|---|---|
| ০৬ | খাবার পানির ব্যবস্থাকরণঃ আগত সেবাপ্রার্থীদের জন্য বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করা হয়েছে। |  |
| ০৭ | নোটিশ বোর্ড স্থাপনঃ মিসকেস সংক্রান্ত মামলার শুনানীর তারিখ নোটিশ বোর্ড এর মাধ্যমে আগত সেবা প্রত্যাশীদের জানিয়ে দেয়া হয়। |  |
| ০৮ | সাইকেল গ্যারেজ স্থাপনঃ উপজেলা ভূমি অফিসে আগত সেবাপ্রার্থীদের সাইকেল বা মোটর সাইকেল একটি নির্দিষ্ট স্থানে ও নিরাপদে রাখার সুবিধার্থে অফিসের সামনে সাইকেল গ্যারেজ স্থাপন করা হয়েছে। |  |
| ০৯ | অভিযোগ বক্স স্থাপনঃ হয়রানি বা অভিযোগ সম্পর্কে এ বাক্সে নাগরিকরা অভিযোগ করতে পারেন। সাপ্তাহিক ভিত্তিতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করা হয়। |  |
| ১০ | ভূমি বিষয়ক ব্যানার বা ফেস্তুনঃ ভূমি বিষয়ক বিভিন্ন ব্যানার বা ফেস্টুন আগত সেবাপ্রার্থীদের জ্ঞাতার্থে অফিসে টাঙ্গানো হয়েছে। |  |